বিমান বাংলাদেশ এয়ারলাইনস্ লিঃ Biman BANGLADESH AIRLINES LTD.
HEAD OFFICE, BALAKA, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 8901600-14, 8901680-94, FAX: 88-02-8901558, www.biman-airlines.com

সূত্র: ৩০.৩৪.০০০০.০৭৩.০০০.২৯.২২/৯৯ তারিখ: ১৮-০৯-২০২২ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ যোগ্য বাংলাদেশি নাগরিকদের (নারী) নিকট হতে চুক্তিভিত্তিক ফ্লাইট স্টুয়ার্ডেস পদে নিয়োগের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করছে :

**পদের নাম: ফ্লাইট স্টুয়ার্ডেস**

**আবেদনের যোগ্যতা:**

ক) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি অথবা সমমান। কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ অথবা সমমান গ্রহণযোগ্য নয়।
খ) ফলাফল: ন্যূনতম জিপিএ ৩.০ (৫.০ এর মধ্যে) (এসএসসি এবং এইচএসসি অথবা সমমান)। ডিপ্লোমা ডিগ্রিধারীদের ক্ষেত্রে ন্যূনতম সিজিপিএ ২.৮ (৪ এর মধ্যে) থাকতে হবে।
গ) ‘ও’ লেভেলে গড়ে যে কোন ৫টি বিষয়ে এবং ‘এ’ লেভেলে গড়ে যে কোন ২টি বিষয়ে ন্যূনতম “ডি” থাকতে হবে।
ঘ) উচ্চতা: সর্বনিম্ন ১৬১ সে.মি; ওজন উচ্চতার সাথে সামঞ্জস্যপূর্ণ (বিএমআই: ১৮.৫-২৫.০)।
ঙ) প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী, ইংরেজিতে পারদর্শী এবং অবিবাহিত হতে হবে।
চ) দৃষ্টি শক্তি ৬/৬ হতে হবে, চশমা গ্রহণযোগ্য নয়।
ছ) বয়স: ১৯-২৫ বছর (১৯-০৯-২০২২ খ্রিঃ তারিখে), এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
জ) GED ডিগ্রি গ্রহণযোগ্য নয়।
ঝ) সাঁতার জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে; চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে প্রশিক্ষণকালে অবশ্যই সাঁতার শিখতে হবে।

**বেতন ও ভাতা:**

ক) বেতন স্কেল: টাঃ ১৫,৯০০/- ---------৩৮,৪০০/- এবং আনুষঙ্গিক ভাতাদি।
খ) উৎসব ভাতা।
গ) দেশে ও বিদেশে প্রশিক্ষণ।
ঘ) বিদেশে উন্নতমানের আবাসন ও যাতায়াত সুবিধা।
ঙ) উন্নত চিকিৎসা সুবিধা।
চ) ইউনিফর্ম ভাতা।

**পদ সংখ্যা:** ১০০ টি

**আবেদনের শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি:**

০১। ১৯-০৯-২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স অনুর্দ্ধ ২৫ বছর হতে হবে। এসএসসি পাশের সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
০২। সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
০৩। বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ডিগ্রি অথবা অন্য কোনো ডিগ্রি যা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই, সেইসব ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলালের তথ্য প্রদান করতে হবে।
০৪। উপর্যুক্ত পদে নির্বাচিত প্রার্থীগণ প্রাথমিকভাবে ০৩ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত হবেন। সন্তোষজনকভাবে ০৩ বছর চুক্তিভিত্তিক চাকুরি সম্পন্নকরণ সাপেক্ষে ০৩ বছর মেয়াদে সর্বোচ্চ ০৪ বার চাকুরি নবায়ন করা যেতে পারে।
০৫। আবেদনকারীগণ অনলাইন পদ্ধতিতে টেলিটকের মাধ্যমে আবেদন করবেন।
০৬। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

০৭। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ওয়েবসাইটে www.biman.gov.bd এবং www.biman-airlines.com প্রকাশ করা হবে।

০৮। বিমান কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম সংশোধন, পরিবর্তন, স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৯। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bbal.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ১৯-০৯-২০২২ খ্রিঃ, সকাল ১০:০০টা।
ii. অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ১৮-১০-২০২২ খ্রিঃ, রাত ১২:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি (১,১২০/-টাকা) জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, তাই অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে PDF copy download ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি অফেরতযোগ্য ১১২০/- (এক হাজার একশত বিশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"**। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, জেলা ইত্যাদি যে কোনো বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

- প্রথম SMS: BBAL <space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে ।
  Example: BBAL ABCDEF
- Reply: Applicant's Name, TK-(Application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BBAL<Space> Yes<Space>PIN and send to 16222.
- দ্বিতীয় SMS: BBAL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে
  Example: BBAL YES 12345678
- Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BBAL Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbal.teletalk.com.bd ও www.biman.gov.bd এবং www.biman-airlines.com ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙ্গিন print করে নিবেন। প্রার্থী প্রাথমিক বাছাই এবং উত্তীর্ণ হলে লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রবেশপত্র প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BBAL<Space>Help<Space>User<Space>User ID & send to 16222 .
Example: BBAL Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে BBAL<Space>Help<Space>PIN<Space>PIN No & send to 16222.
Example: BBAL Help PIN 12345678 & send to 16222

(ঝ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১০। মনস্তাত্ত্বিক ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে নিম্নোক্ত সনদ/দলিল/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে:

(১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি, (২) প্রবেশপত্রের ফটোকপি, (৩) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, (৪) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, (৫) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (৬) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনারের প্রদত্ত সনদ, (৭) অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

**মোঃ সামছুদ্দোহা আকন্দ**
ব্যবস্থাপক প্রশাসন (রিক্রুটমেন্ট এন্ড স্টাফিং)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
প্রধান কার্যালয় ‘বলাকা’, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
ফোনঃ ৮৯০১৬০০ এক্সঃ ২১৫৪, ২১৫৭, ২১৫০